

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.১৩৯.১৩৯.২০১৭-১৩৫৯


তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রি.

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩০৮৯/২০১৪নং রীট মামলার সর্বশেষ তথ্যাদি প্রেরণ।

- সূত্রঃ (১) ১৫/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/নির্দেশনা।
(২) এ বিভাগের স্মারক নং- ৯৮৮/১, তারিখ-১৬/১০/২০১৭খ্রি.
(৩) এ বিভাগের স্মারক নং- তারিখ-০৭/১১/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সদর এলাকার গোপনগর, এনায়েত নগর, কাশীপুর ইউনিয়নকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্তির প্রক্রিয়া চলাকালীন সময়ে সিটি কর্পোরেশন অন্তর্ভুক্তি না হওয়ার জন্য জনাব মোঃ আসাদ উদ্দিন চৌধুরী, পিতা- মরহুম সুলতান বক্সী চৌধুরী, ফতুল্লা, নারায়ণগঞ্জ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে ৩০৮৯/২০১৪নং রীট মামলা দায়ের করেন। রীট মামলাটি অনিস্পন্দ থাকায় অদ্যাবধি নারায়ণগঞ্জ সদর উপজেলা পরিষদে ৪র্থ উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয়নি মর্মে জানা গেছে। এ বিষয়ে হালনাগাদ তথ্যাদি/মামলা সংক্রান্ত কাগজাদি ০৩ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং ও ৩নং স্মারকে অনুরোধ করা হলেও অদ্যাবধি যাচিত তথ্যাদি পাওয়া যায়নি বিধায় এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না।

এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৩০৮৯/২০১৪নং এর বিষয়ে সংশ্লিষ্ট কাগজাদিসহ সর্বশেষ অবস্থা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর মাধ্যমে জরুরীভিত্তিতে বিশেষ বাহক মারফত এ বিভাগে প্রেরণ সুনিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

উপজেলা নির্বাহী অফিসার
নারায়ণগঞ্জ সদর।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। চেয়ারম্যান, নারায়ণগঞ্জ সদর উপজেলা পরিষদ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।